

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

sufomoheshkhali@fisheries.gov.bd

পত্র নং : ৩৩.০২.২২৪৯.৫০১.২৭.০০৬.১৯.১১১

তারিখঃ ০৬/০৮/২০১৯ খ্রিঃ

স্থানীয় দরপত্র (কোটেশন) আহ্বান

সাধারণ কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ আর্থিক সালে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা মহোদয়ের পত্র নং নং-৩৩.০২.০০০০.১১৭.০৪.০২১.১৯.৯৫৯ তারিখঃ ২৯/০৭/২০১৯ খ্রিঃ কর্তৃক গৃহীত পোনা মাছ অবমুক্তির কার্যক্রমের আওতায় কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় জলাভূমি, বর্ষা প্লাবিত ধান ক্ষেত/প্লাবন ভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী আওতায় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার রুই জাতীয় মাছের পোনা সরবরাহের জন্য প্রকৃত অভিজ্ঞতা সম্পন্ন পোনা ব্যবসায়ী/ পোনা মাছ উৎপাদনকারী/পোনা সরবরাহকারীর নিকট হতে নিজস্ব প্যাডে সীল মোহরকৃত খামের দরপত্র(কোটেশন) আহ্বান করা যাচ্ছে। দরপত্রের বিস্তারিত বিবরণ সিডিউল আগামী ০৬/০৮/২০১৯ খ্রিঃ হতে ১৪/০৮/২০১৯ খ্রিঃ দুপুর - ১২.০০ ঘটিকা পর্যন্ত সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, মহেশখালী, কক্সবাজার হতে অফিস চলাকালীন সময়ে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) পরিশোধ করে কোটেশন/সিডিউল সংগ্রহ করা যাবে।

যথাযথভাবে পূরণকৃত দরপত্র (কোটেশন) আগামী ১৪/০৮/২০১৯ খ্রিঃ দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহেশখালী, কক্সবাজার এর দপ্তরে রক্ষিত দরপত্র বাঞ্চে কোটেশন জমা দেওয়া যাবে এবং ঐ দিনই বিকাল- ৩.০০ ঘটিকা সময় জলাভূমি নির্বাচন ও পোনা মাছ ক্রয় কমিটির সদস্য উপস্থিতিতে কোটেশন জমাদানকারীদের দরপত্র সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

দরপত্রের শর্তাবলী :

- ১। সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, মহেশখালী, কক্সবাজার বরাবরে কোটেশন দাখিল করতে হবে।
- ২। সরবরাহের জন্য অনীত পোনা মাছ অবশ্যই সুস্থ সবল, অক্ষত, স্বাস্থ্যবান, জীবিত, নির্ধারিত আকার ও অনুপাত সঠিক হতে অক্সিজেন পলিব্যাগে পোনা মাছ সরবরাহ করতে হবে।
- ৩। প্রজাতি ভিত্তিক পোনা মাছের আনুপাতিক হার হবে, রুই ৪০%, কাতাল ১০%, মৃগেল ৩০%, কালিবাউস ১০% এবং ঘনিয়ার ১০% পোনা মাছের দৈর্ঘ্য ১০-১৫ সেগমিঃ।
- ৪। পোনা মাছ সরবরাহের ক্ষেত্রে ও ওজন উভয় বিবেচনা আনা হবে নির্ধারিত আকার চেয়ে বড় কিংবা ছোট পোনা মাছ গ্রহণ করা হবে না।
- ৫। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা নিজ ব্যয়ে পোনা মাছ জলাভূমি নির্বাচন ও পোনা ক্রয় কমিটি কর্তৃক অনুমোদিত সকল জলাশয়ে পোনা মাছ এ সংক্রান্ত গঠিত উপ-কমিটির সদস্যদের সম্মুখে পোনা মাছ সরবরাহ ও অবমুক্তির সকল ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৬। দরপত্র সাথে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার এর অনুকূলে জামানত হিসেবে যে কোন তফসিল ব্যাংক থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র ব্যাংক ড্রাফট/পে-অডার সংযুক্ত করতে হবে।
- ৭। নির্বাচিত কোটেশন দাতা কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে পোনা মাছ সরবরাহ করতে হবে। নির্ধারিত তারিখের আগে কিংবা পরে পোনা মাছ সরবরাহ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।
- ৮। পোনা মাছ সরবরাহ সাপেক্ষে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে বিলের গায়ে পোনা গ্রহণকারী ও উপ-কমিটির প্রত্যয়ন গ্রহণ করতঃ ৩(তিন)কপি বিল সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।
- ৯। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা নিদিষ্ট সময়ে মধ্যে সমুদয় পোনা সরবরাহে ব্যর্থ হলে কিংবা উল্লিখিত শর্তাবলী এক বা একাধিক ভংগ করলে তার কার্যাদেশ বাতিল সহ জামানতের অর্থ বাজোয়াগু হবে এবং সরবরাহ কৃত পোনার মূল্য পরিশোধ করা হবে।
- ১০। বিধি মোতাবেক সরবরাহকারীর বিল হইতে আয়কর, ভ্যাট ও অন্যান্য সরকারী কর কর্তন পূর্বক বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। পোনা মাছ ক্রয়ের সকল ক্ষেত্রে পিপি আর ২০০৮ এর শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১২। পোনা ব্যবসায়ী /পোনা মাছ উৎপাদনকারী /পোনা সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি দরপত্র (কোটেশন) সাথে দাখিল করতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ যে কোন দর প্রস্তাব গ্রহণ বা বাতিল বা কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই সমুদয় দর প্রস্তাব বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

(অংগ্যজাই মারমা)

উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)

ও

সভাপতি


উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনা মাছ সংগ্রহ কমিটি/২০১৯
মহেশখালী, কক্সবাজার।

পত্র নং : ৩৩.০২.২২৪৯.৫০১.২৭.০০৬.১৯.১১১/১(২০)

তারিখঃ ০৬/০৮/২০১৯ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার।
- ৩। উপজেলা চেয়ারম্যান, মহেশখালী, কক্সবাজার।
- ৪। উপজেলা কর্মকর্তা ও সদস্য মহেশখালী, কক্সবাজার। দর প্রস্তাব খোলার সময়ে উপস্থিত থেকে মূল্যায়ন কাজে সহায়তা করার জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো।
- ৫। জনাব সদস্য, উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনা মাছ সংগ্রহ কমিটি, মহেশখালী, কক্সবাজার। দর প্রস্তাব খোলার সময়ে উপস্থিত থেকে মূল্যায়ন কাজে সহায়তা করার জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো।
- ৬। জনাব/ মেসার্স.....।
- ৭। সভাপতি, মহেশখালী প্রেসক্লাব, মহেশখালী, কক্সবাজার।
- ৮। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ, মহেশখালী।
- ৯। অফিস নথি।


(হিমেল চন্দ্র রায়)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনা মাছ সংগ্রহ কমিটি/২০১৯
মহেশখালী, কক্সবাজার।